**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 16-11-2025** **Desk in Charge : SDG**

**Time : 1.40 P.M** **Compiling : Saibal B.**

**DEO : KB** **NRT : Subabrata M.**

*********************************************************************

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনী কাজের অগ্রগতির পর্যালোচনা এবং বিধানসভা নির্বাচনে বৈদ্যুতিন ভোট যন্ত্র, ইভিএম-এর পরীক্ষা-নিরীক্ষা কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল আগামী ১৮ তারিখ রাজ্যে আসছেন।

সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে এই প্রতিনিধি দলে রয়েছেন, প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, মলয় মল্লিক, ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। নির্বাচন কমিশনের দলটি কলকাতার উত্তর ও দক্ষিণ, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, মূর্শিদাবাদ এবং মালদায় এস আই আর-এর কাজের পর্যালোচনা করবেন।

আগামী ২১-শে নভেম্বর ইভিএম-এর ফাস্ট লেভেল চেকিং কর্মশালায় রাজ্যের ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিক যোগ দিচ্ছেন। এর জন্য নির্বাচন কমিশনের আর একটি প্রতিনিধি দল আগামী বিশে নভেম্বর রাজ্যে আসছে।

****************************

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের ইন্টারভিউয়ে ডাক পাওয়া প্রার্থীদের তালিকা গতকাল প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। নথিপত্র যাচাইয়ের পর ইন্টারভিউ হবে। এসএসসি কর্তৃপক্ষ আগেই জানিয়েছিল, আগামী ১৭ তারিখ থেকে নথি যাচাইয়ের প্রক্রিয়া শুরু হবে। কেন্দ্রীয়ভাবে নথি যাচাই হলেও আঞ্চলিক দপ্তরে ইন্টারভিউ হবে। এদিকে, এই তালিকায় চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের অনেকের নাম নেই বলে অভিযোগ উঠেছে। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহেবুব মন্ডল

বলেন, যারা এতোদিন ধরে যোগ্যতার ভিত্তিতে শিক্ষকতা করেছেন, তাদের পক্ষে নতুন করে পরীক্ষায় বসা সম্ভব ছিল না। ফলে অনেকেরই পরীক্ষা ভালো হয়নি। ইন্টারভিউতে যারা ডাক পাননি, তাদের চাকরি সরকারকে সুনিশ্চিত করতে হবে বলেও দাবি করেছেন তিনি।

উল্লেখ্য, একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগের জন্য মোট শূন্য পদ ১২ হাজার ৪৪০ টি।

****************************

রাজভবনের পক্ষ থেকে আজ জানানো হয়েছে আগামীকাল ভোর পাঁচটা থেকে রাজভবন নাগরিক সমাজ ও সাংবাদিকদের জন্য খুলে দেওয়া হবে, তবে ১০০ জনের বেশি ঢুকতে দেওয়া হবে না। তারা খুজে দেখতে পারেন রাজভবনের মধ্যে কোনো অস্ত্রশত্র লোকানো রয়েছে কিনা।

প্রসঙ্গত, শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দোপাধ্যায় অভিযোগ করেছিলেন, রাজভবন থেকে অস্ত্রশস্ত্র বণ্টন করা হচ্ছে ।

রাজভবনের বিবৃতিতে আরো বলা হয়েছে, সাংসদের বক্তব্য যদি অসাড় ও ভিত্তিহীন বলে প্রমানিত হয় তাহলে তাঁকে বাংলার মানুষের কাছে ক্ষমা চাইতে হবে এবং ঘৃণাভাষনের জন্য আইনি প্রক্রিয়ার মুখোমুখি হতে হবে।

রাজভবন জানিয়েছে, কলকাতা পুলিশ সবসময় গোটা ভবনটিকে ঘিরে থাকে। এই অবস্থায় কি করে তারা অস্ত্রশস্ত্র ঢোকার অনুমোদন দিতে পারে তা অবিলম্বে তদন্ত করে দেখা প্রয়োজন।

( বাইট- রাজ্যপাল )

উল্লেখ্য, রাজ্যপাল Z প্লাস স্তরের নিরাপত্তা পেয়ে থাকেন। বিবৃতিতে জানানো হয়েছে, রাজ্যপালের নিরাপত্তার দায়িত্বে থাকা অফিসাররা তাঁকে যতক্ষণ না এ নিয়ে তদন্ত শেষ হচ্ছে, ততক্ষন অন্যত্র থাকতে অনুরোধ করেছেন। তবে, রাজ্যপাল সিভি আনন্দ বোস

স্পষ্ট জানিয়েছেন, যাই হোক না কেন, তিনি রাজভবন ছেড়ে যাবেন না। ইতিমধ্যেই রাজভবনের পক্ষ থেকে লোকসভার অধ্যক্ষকে ওই সাংসদের ব্যাপারে অভিযোগ দায়ের করা হয়েছে।

************************

দিল্লীর লালকেল্লার সামনে বোমা বিস্ফোরনের ঘটনার তদন্তে উত্তর দিনাজপুরের চিকিৎসক জানিসার আলম কে সম্প্রতি NIA আটক করেছিল।  তাঁকে গতকালই জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দেওয়া হয়েছে। পরিবারের বক্তব্য বছর খানেক আগে দিল্লী বিস্ফোরন কান্ডে জড়িত এক অভিযুক্তর সঙ্গে কথা বলেছিলেন। সেই সূত্রেই তাঁকে আটক করে শিলিগুড়ি নিয়ে যাওয়া হয়েছিল। কিন্তু এনআইএ তার বিরুদ্ধে অভিযোগ করার মত কিছু পায়নি।

************************

মুর্শিদাবাদের রানীতলায় বালিগ্রামে গতকাল এক ব্যক্তির বাড়ির আলমারির পিছন থেকে ৪৮টি কার্তুজ-সহ একটি বন্দুক উদ্ধার করেছে পুলিশ।

বাড়ির মালিক অভিযুক্ত  সেন্টু শেখ পলাতক।

এক দিনে মুর্শিদাবাদের কান্দি মহকুমার বড়ঞা ও সালার থানা এলাকা থেকে মোটব৮২টি তাজা বোমা উদ্ধার করা হয়েছে। বোমা মিলেছে, জঙ্গীপুর পুলিশ জেলার সুতি ও   রঘুনাথগঞ্জে। সুতির লক্ষ্মীপুরে গতকাল সকালে ফুলকপির চাষের জমির পাশে ঝোপের মধ্যে তিনটি জ্যারিকেনে প্রায় ৩০টি তাজা বোমা মেলে।

ওই দিনই জঙ্গিপুরে সীমান্ত লাগোয়া সেকেন্দ্রাতে বেশ কিছু বোমা পাওয়া গিয়েছে।

************************

ইডেনে প্রথম ক্রিকেট টেস্ট ম্যাচ জয়ের জন্য দক্ষিণ আফ্রিকা ভারতের সামনে ১২৪ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। আজ তৃতীয় দিনের সকালে মধ্যাহ্নভোজের বিরতির আগে দক্ষিণ আফ্রিকার দ্বিতীয় ইনিংস ১৫৩ রানে শেষ হয়। অধিনায়ক টেম্বা বাভুমা ৫৫ রানে অপরাজিত থাকেন। ১২৪ রানের লক্ষ্যে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে ভারত শেষ পাওয়া খবরে, ৫ উইকেটে ৬৪ রান করেছে।

*********************************************************************